**পশ্চিমবঙ্গ সরকার**
**রেশমশিল্প অধিকার**
**উপ- অধিকর্তার করণ**
**সিউড়ি, বীরভূম**

স্মারক সংখ্যা - ১০১৫/আর কে ভি ওয়াই — তারিখ -১৪/০৩/২০২২

রামপুরহাট মহকুমার অন্তর্গত নিম্নলিখিত ব্লকে 'রেশমবন্ধু' পদে নিয়োগের আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি।

তথ্যসূত্র :- কমিশনার, টেক্সটাইলস, সেরিকালচার, প: ব: সরকার স্মারক সংখ্যা - ৩০২ তারিখ-২২/০৯/২০২১

রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজানায় (আর কে ভি ওয়াই) প্রকল্পে রেশমচাষিদের গুচ্ছ ভিত্তিক উন্নয়ন সংক্রান্ত প্রকল্পে, নিম্নলিখিত ব্লকের বিভিন্ন রেশম কার্যালয় প্রযুক্তি সহায়তার কেন্দ্রের অন্তর্গত স্থানীয় এলাকায় রেশম চাষীদের কাছ থেকে ১ (এক) বছরের জন্য সম্পূর্ণ অস্থায়ী পদে রেশম বন্ধু নিয়োগের জন্য নির্দিষ্ট বয়ানে সাদা কাগজে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

| মহকুমা | ব্লক | রেশম প্রযুক্তি সহায়তা কেন্দ্রের নাম | অস্থায়ী পদের সংখ্যা |
|---|---|---|---|
| রামপুরহাট | নলহাটি ২ নং ব্লক | ভদ্রপুর টি.এস.সি | ৩ (তিন) |
| রামপুরহাট | নলহাটি ১ নং ব্লক | নলহাটি টি.এস.সি | ৩ (তিন) |
| রামপুরহাট | রামপুরহাট ২ নং ব্লক | রামপুরহাট টি.এস.সি | ২ (দুই) |
| রামপুরহাট | রামপুরহাট ১ নং ব্লক | রামপুরহাট টি.এস.সি | ১ (এক) |
| রামপুরহাট | রামপুরহাট ২ নং ব্লক | বসোয়া গ্রোথ সেন্টার | ২ (দুই) |
| রামপুরহাট | মুরারই ১ নং ব্লক | মুরারই টি.এস.সি | ১ (এক) |
| রামপুরহাট | ময়ূরেশ্বর ১ নং ব্লক | মল্লারপুর টি.এস.সি | ১ (এক) |
| রামপুরহাট | ময়ূরেশ্বর ২ নং ব্লক | ময়ূরেশ্বর টি.এস.সি | ২ (দুই) |

**(ক) আবেদনকারীর যোগ্যতা :-**

১) প্রার্থীর বয়স ০১/০১/২০২২ তারিখে ২৫-৪৫ বছরের মধ্যে হতে হবে।
২) তিনি স্থানীয় রেশম চাষী হবেন যার পরিচয় পত্র হিসেবে এপিক এবং আধার রয়েছে।
৩) আবেদন কারীকে নূন্যতম মাধ্যমিক পাশ এবং আই এস ডি এস/রেশম চাষ সংক্রান্ত প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে।
৪) রেশম চাষ এলাকায় সহজে যাতায়াত ও যোগাযোগ করার জন্য সাইকেল, স্মার্ট ফোন থাকা আবশ্যিক।
৫) আবেদনকারীর নামে রাষ্ট্রায়ত্ত সরকারি ব্যাংঙ্কে সেভিংস একাউন্ট থাকতে হবে।

**(খ) নির্বাচন পদ্ধতি :-**

আবেদন পত্রের সাথে প্রয়োজনীয় নথিপত্র যাচাই করে যোগ্য ব্যক্তিদের মধ্যে থেকে সাক্ষাৎকারের (ইন্টারভিউ) ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে।

**(গ) দায়িত্ব প্রকৃতি :-**

১) রেশম চাষ/শিল্পের প্রচার ও প্রসারে সক্রিয় ভূমিকা গ্রহণ এবং রেশম চাষীদের সর্বদা অনুপ্রাণিত করা।
২) তুঁত পলু পালন, বীজ গুটি উৎপাদন, গুটি বাজারজাত করন, প্রশিক্ষণ, পরিশোধন সহ সমস্ত কাজে রেশম চাষী/স্বনির্ভরগোষ্ঠীকে সহযোগীতা এবং তথ্যাদি সংগ্রহ করবেন।
৩) জেলা কার্যালয়/টি এস সি থেকে বিভিন্ন প্রকল্প ও প্রযুক্তিগত ধারনা/তথ্য সুবিধাভোগী রেশম চাষীদের কাছে পৌছে দেওয়া।
৪) রেশম বন্ধুকে প্রতি ১৫ (পনেরো) দিনের কাজের বিবরন পঞ্জী স্থানীয় রেশমশিল্প কার্যালয়ে জমা দিতে হবে।
৫) সন্তোষজনক কাজের শেষে রেশমবন্ধু পর্যায়ক্রমে (তুঁত রেশম মরশুমি চাষ, বছরে ৭ (সাত) মাসের উৎসাহ ভাতা বরাদ্দ) মাসে ৫০০০/-(পাঁচ হাজার) টাকা করে পাবেন যা তার ব্যাঙ্ক একাউন্টে জমা হবে।
৬) নির্বাচিত রেশম বন্ধু সম্পূর্ণ অস্থায়ী ভাবে ১ (এক) বছরের জন্য নিযুক্ত এবং এই মর্মে কাজে যোগদানের পূর্বে একটি নির্ধারিত অঙ্গীকার পত্র সই করে জমা দেবেন।

পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য...২

আবেদন পত্র ৩১.০৩.২০২২ এর মধ্যে জমা দিতে হবে (সরকারি ছুটির দিন ব্যতীত)
আবেদনকারী পূরন করা দরখাস্ত ও সমস্ত তথ্যের প্রত্যয়িত কপি মুখবন্ধ খামে স্পিড পোষ্ট/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে উপ-অধিকর্তা রেশম শিল্প দপ্তর, রেশম ভবন, বেনেপুকুর পাড়া (পুরাতন বাসস্ট্যান্ড) পোষ্ট সিউড়ি, জেলা বীরভূম, পিন -৭৩১১০১ দপ্তরের কার্যালয়ের ঠিকানায় ৩১.০৩.২০২২ বিকেল ৪ টা অবধি জমা দিতে পারবেন। অসম্পূর্ণ দরখাস্ত বা ভুল তথ্য দিলে প্রার্থীপদ বাতিল বলে গণ্য হবে।

মৌখিক পরীক্ষার তারিখ ও স্থান পরে জানানো হবে।

ডাকবিভাগ / কুরিয়ার সার্ভিসের দেরীর কারনে নির্দিষ্ট তারিখের পর আবেদনপত্র পৌছালে তা বাতিল বলে গণ্য হবে এবং তার জন্য কতৃপক্ষ দায়ী থাকবে না।

নিম্নলিখিত শংসাপত্রের প্রত্যয়িত কপি আবেদনকারীকে দরখাস্তের সঙ্গে জমা দিতে হবে।
১) আধার কার্ড
২) ভোটার কার্ড
৩) মাধ্যমিক পাশ মার্কশিট / শংসাপত্র
৪) মাধ্যমিক অ্যাডমিট কার্ড (বয়সের প্রমাণপত্র)
৫) জাতিগত শংসাপত্র
৬) সেরিকালচার প্রশিক্ষণের শংসাপত্র যদি থাকে
৭) রেশমচাষ পরিবারভুক্ত জিলা শংসাপত্র (রেশম দপ্তরের আধিকারিক কর্তৃক প্রদত্ত)

তপন মুখোপাধ্যায় ১৪/৩/২২
উপ-অধিকর্তা
রেশম শিল্প,
সিউড়ি, বীরভূম

স্মারক সংখ্যা - ১০১৫/আর কে ভি ওয়াই

তারিখ -১৪.০৩.২০২২

অনুলিপি অবগতি এবং যথাযথ প্রচারের জন্য প্রেরন এবং অনুরোধ করা হলো।

১। কমিশনার, টেক্সটাইলস, সেরিকালচার। প: ব:সরকার কোলকাতা ৭০০০১৩
২। জেলা সমাহর্তা, সিউড়ী, বীরভূম।
৩। অতিরিক্ত জেলা শাসক উন্নয়ন, সিউড়ী, বীরভুম।
৪। মহকুমা শাসক, রামপুরহাট, বীরভূম।
৫। সভাপতি, পঞ্চায়েত সমিতি, নলহাটি ১ ও ২/ রামপুরহাট ১ ও ২ / ময়ূরেশ্বর ১ ও ২ / মুরারই ১
৬। সমষ্টি উন্নয়ন আধিকারিক, নলহাটি ১ ও ২/ রামপুরহাট ১ ও ২ / ময়ূরেশ্বর ১ ও ২ / মুরারই ১
৭। জেলা তথ্য আধিকারিক এন.আই.সি, সিউড়ী, বীরভূম।
উক্ত বিজ্ঞপ্তিটি জেলার ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ রাখা হলো।
৮। সম্প্রসারন/ভারপ্রাপ্ত সম্প্রসারন আধিকারিক ভদ্রপুর টি.এস.সি / নলহাটি টি.এস.সি / রামপুরহাট টি.এস.সি / মল্লারপুর টি.এস.সি / ময়ূরেশ্বর টি.এস.সি / মুরারই টি.এস.সি বীরভূম।
৯) ডি.ডি.ও, সেরিকালচার, সিউড়ি, বীরভূম।
১০) অফিস নোটিশ বোর্ড / গার্ড ফাইল।

তপন মুখোপাধ্যায় ১৪/৩/২২
উপ-অধিকর্তা
রেশম শিল্প,
সিউড়ি, বীরভূম

## রেশম বন্ধু পদে নিয়োগের আবেদন

যে ব্লকের জন্য আবেদন করিতেছেন, ব্লকের নাম :

১) প্রার্থীর নাম :

২) পিতা / স্বামী :

৩) ঠিকানা: ক) বর্তমান : গ্রাম পোষ্ট
গ্রাম পঞ্চায়েত থানা
জেলা পিন

খ)স্থায়ী : গ্রাম পোষ্ট
গ্রাম পঞ্চায়েত থানা
জেলা পিন

৪) জন্ম তারিখ :

৫) বয়স (০১.০১.২০২২ অনুসারে) :

৬) জাতি : তপ: জাতি / তপ: উপজাতি / অনুগ্রসর শ্রেণী / অন্যান্য

৭) শিক্ষাগত যোগ্যতা :

৮) আধার কার্ড নম্বর :

৯) ভোটার কার্ড নম্বর :

১০) মোবাইল নম্বর :

১১) ইমেল আই . ডি (যদি থাকে) :

১২) আপনি কি সেরিকালচারে কোনো প্রশিক্ষণ গ্রহন করেছেন? যদি হ্যাঁ হয় তাহলে কোথা থেকে কতদিনের এবং কোন বছর প্রশিক্ষন নিয়েছেন। :

১৩) আপনি জদি রেশম পরিবারভুক্ত হোন : রেশম কীট পালক / রেশম বীজ প্রস্তুতকারক / সূতাকাটাইদার / অন্যান্য (টিক দিন জেটি প্রযোজ্য)

১৪) আপনার বর্তমান পেশা :

স্থান :-
তারিখ :-

আবেদনকারীর স্বাক্ষর

ঘোষনাপত্র

আমি এই মর্মে ঘোষনা করছি যে, উপরিউক্ত বিবরন আমার জ্ঞান ও বিশ্বাসমতে সম্পূর্ণ সত্য। আর ও ঘোষনা করছি যে যদি কোনো তথ্য ভুল বা অসম্পূর্ণ হয় তহলে আমার প্রার্থীপদ বাতিল বলে গণ্য হবে।

আবেদনকারীর স্বাক্ষর